# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন: ০২২৩৩৮৬৯১১
পিএবিএক্স: ০২২২৩৩৮০০২১-২৫/২২৩২
ইমেইল: dgmpd2@krishibank.org.bd
ওয়েব: www.krishibank.org.bd


সার্কুলার লেটার নং- ০৩/২০২৪

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: সম্প্রতি ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেটসহ পূর্বাঞ্চলের ১১টি জেলায় বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা অনুদান হিসেবে প্রদান প্রসঙ্গে।

সম্প্রতি ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেটসহ পূর্বাঞ্চলের ১১টি জেলায় উজান থেকে নেমে আসা পানির ঢল ও ভারি বৃষ্টিপাতের কারণে ভয়াবহ বন্যার সৃষ্টি হয়েছে। প্রায় ০১ (এক) কোটি মানুষ পানিবন্দি হয়ে মানবেতর জীবন যাপন করছে। এ প্রেক্ষিতে, সামাজিক দায়বদ্ধতা থেকে অত্র ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহাযার্থে মাননীয় 'প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল' এ অনুদান হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২.০ এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের আগস্ট, ২০২৪ মাসের বেতন হতে ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ অনুদান হিসেবে স্বেচ্ছায় প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৩.০ প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল বিভাগীয়/অফিস প্রধানগণ প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে অপর পৃষ্ঠায় মুদ্রিত ছকে একটি 'সম্মতিপত্র' সংগ্রহ করতঃ তা সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয়/শাখায় সংরক্ষণ করবেন। মুখ্য অঞ্চল/অঞ্চলাধীন প্রধান শাখা ব্যতীত অন্যান্য শাখা সংগৃহীত অনুদানের টাকা মুখ্য অঞ্চল/অঞ্চলের প্রধান শাখার উপর ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করে অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকাসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় প্রধান শাখা ব্যতীত অঞ্চলাধীন অন্যান্য সকল শাখার এ্যাডভাইসসমূহ প্রাপ্তি নিশ্চিত হয়ে প্রধান শাখায় প্রেরণ করবে। প্রধান শাখা প্রাপ্ত এ্যাডভাইসসমূহ সাড়া প্রদানপূর্বক ক্ষেত্রমতে বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং নিজ শাখাসহ অঞ্চলাধীন সকল শাখার অনুদানের টাকার একীভূত একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এ প্রেরণ করবে এবং পাশাপাশি নিজ শাখার অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণসহ উক্ত একীভূত ক্রেডিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়টি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়কে লিখিতভাবে অবহিত করবে। সামগ্রিক কার্যক্রম সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় নিবিড় মনিটরিং করবে। বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও অন্যান্য কর্পোরেট শাখাসমূহ স্ব-স্ব শাখার অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকাসহ অনুদানের ক্রেডিট এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে (শাখা-১) প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।

৪.০ সংশ্লিষ্ট সকল কার্যালয় অনুদানের অর্থ প্রেরণপূর্বক পরবর্তীতে নিরীক্ষণের সুবিধার্থে অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের সম্মতিপত্রসহ একপ্রস্থ তালিকা স্ব স্ব কার্যালয়ে সংরক্ষণ করবে।

৫.০ উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

অনুমোদনক্রমে-

২৫/০৮/২০২৪
(মোঃ জাহিদ হোসেন)
উপমহাব্যবস্থাপক

প্রকা/এইচআরএমডি/সেকশন-২/৩৭(২)(২৮)/২০২৪-২০২৫/৬২৩(১২৫০)

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
৪. সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (প্রশাসন পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
৭. সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯. নথি/মহানথি।

২৫.০৮.২০২৪
(শিবলী সাদিক)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক ছক

................. শাখা/কার্যালয়/বিভাগ

**সম্প্রতি ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেটসহ পূর্বাঞ্চলের ১১টি জেলায় বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণের ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা অনুদান হিসেবে প্রদানের সম্মতিপত্র।**

আমি (নাম)..................................................., ভবিষ্য তহবিল সূচক সংখ্যা.........................., পদবি.............................................................,কর্মস্থল: বাংলাদেশ কৃষি ব্যাংক,...................... ..........................................................................................., সম্প্রতি ফেনী, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেটসহ পূর্বাঞ্চলের ১১টি জেলায় বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান হিসেবে প্রদানার্থে আমার আগস্ট ২০২৪ মাসের বেতন থেকে ০১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ ব্যাংক কর্তৃপক্ষকে প্রদান করতে সম্মত আছি। উক্ত অনুদান আমি স্বেচ্ছায় ও স্বতঃস্ফূর্তভাবে সচেতন নাগরিক হিসেবে সম্পূর্ণ মানবিক কারণে প্রদান করলাম।

স্বাক্ষর: ........................................

নাম: ..........................................

পদবি: ..........................................

শাখা/বিভাগ/কার্যালয়:.........................

তারিখ:........................................